SPECIMENS OF BENGALI POETRY.

BY

RAJKRISHNA RAY

The well known Poet and Dramatist of Bengal, India;
Author of Granthavali in six volumes, and other works;
Translator of the Rámáyana and Mahábhárata;
Founder of the Vina Theatre;
The Great Tragio Comedian of the day.

[WITH ENGLISH TRANSLATION AND NOTES.]

কতিপয় কবিতা।

সুপ্রসিদ্ধ কবি ও নাটককার, বীণা থিয়েটারের সংস্থাপক,
সুবিখ্যাত অভিনেতা গ্রন্থাবলী প্রভৃতি পুস্তকের রচয়িতা,
মূল রামায়ণ ও মূল মহাভারতের পদ্যানুবাদক
শ্রীরাজকৃষ্ণ রায় প্রণীত।

[ইংরাজি অনুবাদ ও টীকা সহিত]

VINA PRESS,
87, Machua Bazar Street, Calcutta,
PRINTED AND PUBLISHED BY
SARACHCHANDRA DEVA.
1890.

Price 4 Annas. মূল্য চারি আনা।

SPECIMENS OF BENGALI POETRY.

BY

RAJKRISHNA RAY,

The well-known Poet and Dramatist of Bengal, India;
Author of Granthavali in six volumes, and other works;
Translator of the Ramayana and Mahabharata.
Founder of the Vina Theatre;
The Great Tragio Comedian of the day.

[WITH ENGLISH TRANSLATION AND NOTES.]

কতিপয় কবিতা

সুপ্রসিদ্ধ কবি ও নাটককার, বীণা থিয়েটারের সংস্থাপক,
সুবিখ্যাত অভিনেতা, গ্রন্থাবলী প্রভৃতি পুস্তকের রচয়িতা,
মূল রামায়ণ ও মূল মহাভারতের পদ্যানুবাদক
শ্রীরাজকৃষ্ণ রায় প্রণীত।

[ইংরাজি অনুবাদ ও টীকা সহিত]

VINA PRESS,
37, Machua Bazar Street, Calcutta,
PRINTED AND PUBLISHED BY
SARACHCHANDRA DEVA.
1890.

কতিপয় কবিতা।

I.

১। কল্পনা।

তুমিই কবির ধন, তুমিই কবির মন,
তুমিই কবির প্রাণ, সুখ, যশ, বাসনা ;
তুমিই কবির দেহ, তুমিই কবির স্নেহ,
তুমিই কবির, সতি, সুধামুখী রসনা ,
তুমিই কবির তন্ত্রী, তুমিই কবির মন্ত্রী,
তুমিই কবির কণ্ঠে মহামূল্য গহনা ;
তুমিই কবির রাজ্য, তুমিই কবির কার্য্য,
তুমিই কবির পুন রোগ, শোক, যাতনা।

কে চিনিত বেদব্যাসে, কে চিনিত কালিদাসে,
কে চিনিত বাল্মীকিরে, কে চিনিত হোমারে ?
কে চিনিত চণ্ডিদাসে, কে চিনিত কৃত্তিবাসে,
কে চিনিত লঙ্‌ফেলো, বায়রণ্‌, টসারে ?
শ্রীমুকুন্দ মহাকবি— বঙ্গের উজ্জ্বল রবি—
তুমি না চিনা'লে পরে, কে চিনিত তাঁহারে ?
শেক্ষপীর, মিল্টনে, [illegible] মিথে
কেহ কি চিনিত, দেবি, এ [illegible] সংসারে ?

আজিও অমর জ্যোতি, শ্রেষ্ঠ কবি বিদ্যাপতি,
শাদী, শেলি, টাসো, পোপ্, কাউপার প্রভৃতি
জাগিত কাহার মনে? কেই বা এ সব জনে
স্মরিত?—ঢাকিত মন এত দিনে বিস্মৃতি।
বররুচি, ভবভূতি, হাফেজ পারস্য-জ্যোতি,
ভারত, ঈশ্বর, মধু বঙ্গ-কবি প্রভৃতি,
চাঁদ কবি, জ্ঞানদাসে, ভারবি, তুলসিদাসে,
রাখিত কি মনে গাঁথি' আজিও এ জগতী?

II.

২। জীবন-রহস্য।

জ্ঞান পড়িয়াছে বাঁধা, অন্তরে লেগেছে ধাধা,
বুঝি বুঝি করি, কিন্তু বুঝিতে পারি না;
খোলো-খোলো হয়ে তবু,
খোলে না খোলে না যে গো
রহস্যের আঁটা দ্বার—খুলিতে জানি না।
কি এক মায়ার আবরণে
কি এক অস্ফুট কুট-ছায়া;
মরীচিকা খেলি'ছে নয়নে,
মায়ারে ভুলায় এ কি মায়া!

এত দিন কি বুঝিনু— কি বুঝিনু আমি ?
কিছু না কিছু না, শুধু অজ্ঞানের খেলা ;
অজ্ঞানের মুগ্ধ কোলে আয়ুরে লুকা'নু,
ভাসা'নু কালের জলে জীবনের ভেলা।
তুলে যবনিকা—দেখ, মাঝামাঝি বেলা।
হেলায় হারা'নু জ্ঞান, আয়ু-রেখা অবসান
ধীরে ধীরে হইতেছে—কখন্ কি হয় ;
কবে আর—কবে আর, এ কূট-রহস্য-দ্বার
খুলিব খুলিব আমি ?—খুলিবার নয়।

III.

৩। মৃত্যু-রহস্য।

চাহিয়া দেখিনু, দেখিনু সম্মুখে,—
শ্মশানে হেরিনু যা'রে,
সেই সে নলিনী, নির্জীব নলিনী
পড়িয়া একটি ধারে।
ভৌতিক বিশ্লেষে পড়ে খ'সে খ'সে
দেহের গঠনগুলি ;
জলে মিশে জল, অনলে অনল,
ধূলায় মিশি'ছে ধূলি,

বাতাসে বাতাস, আকাশে আকাশ,
পাঁচে পাঁচ গেল মিশে ;
চারি ধারে চাই, খুঁজিয়া না পাই,
শেষ না রহিল শেষে।
কোথায় নলিনী ?— কোথায় নলিনী ?
কোথাও কিছু যে নাই ;
সব একাকার, নিবিড় আঁধার,
ফাঁকে ফাঁকে খালি চাই।
সেই সমীরণ, সেই হুতাশন,
সেই রবি, সেই জল,
সেই নীলাম্বর, সেই জলধর,
সেই শশী, তারাদল,
সেই তরু, লতা, ফল, ফুল, পাতা,
সেই এই বসুমতী,
সেই সেই সবি, সেই সেই ছবি,
কই সে নলিনী সতী ?

IV.

৪। কৃষ্ণের মুরলী।

১

ক্ষণদা-সময়ে যশোদা-তনয়
স্মঠামে দাঁড়া'য়ে যমুনা-তীরে,
আমারে বাজা'য়ে, স্বর মধুময়
ঢালিতেন নদী-পুলিন-নীরে।

২

আমারি গুণেতে খেলিতেন হরি
গোকুলবাসিনী গোপিনী সনে;
আমারি গুণেতে যমুনা-লহরী
খেলিত ঢুলিত মৃদুল স্বনে।

৩

লাজ-ভয় ভুলি' হইয়ে আকুল,
আমারি স্বরেতে ব্রজের বালা
আসিত ছুটিয়ে—এলাইত চুল—
ছিঁড়িয়ে পড়িত মুকুতা-মালা।

৪

হরির অধরে অধর আমার
সুধার সুধারে বাজিত যবে,
সে রব পশিত শ্রবণে যাহার,
সুখী বলি' তা'রে ঘুষিত সবে।

৫

আমার স্বরের মাধুরী যেমন,
তেমন মাধুরী আছে রে কা'র ?
কাননবিহারী পশুপাখিগণ
ভুলিত শুনিয়ে স্বর আমার।

৬

এ রবে রবিত সমীর থামিত ;
উজানে বহিত যমুনা-জল ;
হরষে কুমুদী সরসে হাসিত ;
আকাশে হাসিত তারকাদল ;

৭

তরু-শাখে ফুল-মুকুল ফুটিত ;
ফোটা ফুল ভূমে পড়িত খসি' ;
সুনীল-গগন-সাগরে ভাসিত
রজত-কমল—উজল শশী।

৮

বনবিহারিণী হরিণী নিচয়
ভয় ভুলি' ছাড়ি' কানন-বাস
শুনিতে আসিত স্বর মধুময়,
আমারি গুণেতে শ্যামের পাশ।

৯

নাচি' নাচি' মোরে বাজা'য়ে যখন
ভুলাইত কালা কামিনীকুলে ;
সাজাইত তা'রা যতনে তখন
শ্যামেরে আমারে কামিনী-ফুলে !

১০

বেড়িয়ে শ্যামেরে ব্রজকুলবধূ
দাঁড়াইত যেন চাঁদের মালা !
ছড়াইয়ে শ্যাম মোর স্বর-মধু
বাড়াইত ভাবি-বিরহ-জ্বালা।

১১

আমি বাজিতাম, গোপীরা গাহিত,
ঘূরি' ঘূরি' ঘেরি' মাধবে সবে
তানলয়ে কিবে মধুর নাচিত ;
হায় রে, সে দিন আর কি হ'বে !

V.

৫। কৈলাস পর্ব্বতে মহাদেব।

কৈলাস গিরিবর, রাজত কলেবর,
দূর দূরন্তর আকাশভেদী ;
পূত পবিত থল, হিম-জল ঝলমল,
যোগিবর শঙ্কর-বেদী।
আঁখি চলে যত দূর, গিরিদেহ তত দূর,
ঘনগণ খেলে গিরি-কোলে ;
ঊর্দ্ধে প্রভাত-রবি, রক্ত-বরণ-ছবি,
নিম্নে জলদদল দোলে।
ভোধর তরুকুল, অগণিত ফল ফুল,
নধর অধরে লতা হাসে ;
মধু-পরিমল-আশী, গুঞ্জন-স্বর-ভাষী,
অলিদল উড়ে ফুলপাশে।

নির্ঝর ঝরঝরি, ঝরে ভূধর'পরি,
লুটিপুটি তটিনী গড়ায় ;
ঘাতজাত ফেনরাশি, ভাসিছে হাসি হাসি,
বুদ্বুদ জনমি মিলায়।
নটননিপুণ বায়, তরু-পাশে ভিখ চায়,
দাতা তরু ঢালে ফুলরাশি ;

পবন সে ফুল-ডালী, নির্ঝরে দেয় ঢালি,
জলে চলে ফুলদল ভাসি।
কীচক-বিঁধ মাঝে, বায়ব বেণু বাজে, *
শাখিশাখে পাখী করে গান;
সে দুহুঁ শবদ মিশি, ধাইল দশ দিশি,
আর এক সুধামাখা তান।

ধ্যান-মগন হর, শার্দ্দূল-ছাল'পর,
সারা নিশি মুদিত নয়ান;
অচল উপরি যেন, দ্বিতীয় অচল হেন,
শঙ্কর অচল মহান্!
এলায়িত জটজূট, শিলাতলে লটপট,
জটে জটে জড়িত ভুজঙ্গ;
লম্বিত হাড়মালা, লুণ্ঠিত বাঘ-ছালা;
সম্মুখে ডমরু করঙ্গ;
ধবল-অচল-তনু, অযুত নিযুত ভানু,
ভস্ম-বিলেপিত অঙ্গ;
জটমূলে কলকল, উছলিছে ছলছল,
গঙ্গা-সলিল-বিভঙ্গ!

---

* কীচক (বেউড় বাঁশ) বিঁধ (ছিদ্র) মধ্যে বায়ব (বায়ু-সম্বন্ধীয় বা বায়ুজনিত) বেণু (বাঁশী) বাজে।

VI.

৬। কে তুমি।

১

কে তুমি লতিকাকুঞ্জে বসি' একাকিনী
গুন্ গুন্ স্বরে গীত
গাহিয়া আপন চিত
করিতেছ পুলকিত, অয়ি সুহাসিনি ?
কৌষেয় অঞ্চলে ফুল সঞ্চয় করিয়া,
বিনিসূতে গাঁথ মালা মন মিলাইয়া ?

২

হা দেখ, সুন্দরি, আজি নেহারি' তোমায়,
চল বায়ু অন্য স্থলে
ভুলেও নাহিক চলে,
খেলা করি' তব পাশে লতিকা দোলায়।
গুমটে জগত-জীব আকুলিত মন,
তোমারি গোচরে খালি চলে সমীরণ।

৩

ভ্রমিয়া আইনু আমি বাগানে বাগানে,
কোন খানে কোন ফুলে
মুহূর্ত্ত তরেও ভুলে

না পাইনু ঘ্রাণলেশ তৃষিত পরাণে ;
তোমারি আঁচলভরা ফুলেই কেবল
ছুটি'ছে সুরভিরাশি, মানস চঞ্চল।

৪

কোথাও না দেখিলাম একটিও গাছে
ফুটিতে একটি ফুল,
ঝঙ্কারিতে অলিকুল,
তব লতাকুঞ্জে শুধু ফুল ফুটে আছে।
এখানেই ফুলে ফুলে অলিকুল মেলি'
মৃদুমন্দ গুঞ্জরণে করিতেছে কেলি।

৫

পাপিয়া, কোকিল, শ্যামা, হায় রে, কোথাও
শ্রবণ-বিবরে মম
না বর্ষিল সুধাসম
কূজন, উড়িল নাহি হইয়া উধাও।
এই কুঞ্জে তব পাশে, অয়ি বরাননে !
যেখানের যত পাখী মজি'ছে কূজনে।

৬

কা'র তরে গাঁথ হার ? কে তুমি, রূপসি ?
কা'র কণ্ঠ সাজাইতে
বাসনা ক'রেছ চিতে ?

কা'র তরে কুঞ্জে তব শোভে মুখশশী ?
আশারে দ্বিভাগ করি' কাহার কারণে
এক ভাগে গাঁথ ফুল—অন্য ভাগ মনে ?

৭

তুলি'ছ—ফেলি'ছ ফুল—তুলি'ছ আবার ;
হে সুন্দরি, কা'র ছবি
অন্তর-ফলকে ভাবি'
গেঁথেও—হয় না গাঁথা মনোমত হার ?
যে ক'রেছে অধিকার তোমার হৃদয়,
সেই বুঝি বলিতেছে,—'মালা ভাল নয় ?'

৮

সে যদি প্রকৃত প্রেমী—তবে কি কারণ
তোমার মালিকা নিতে
বাসনা করি'ছে চিতে,
তোমার সরল চিতে থাকিয়া এখন্ ?
সে যদি তোমায় ছাড়ি' এই মালা লয়,
তা' হ'লে নিশ্চয় জেন'—সে তোমার নয়।

৯

তোমারে ছাড়িয়া যা'র বাসনা মালায়,
বল দেখি তবে মোরে,
সে তব কেমন ক'রে ?

তা'র ভালবাসা কই নিবসে তোমায় ?
সে যদি প্রকৃত প্রেমী—সে যদি তোমার,
তবে সে ছাড়ুক আশা এ ফুল-মালার।

১০

বুঝেছি তোমার মন, হে সুন্দরি বালা!
তুমি বড় সুচতুরা,
প্রেমিক-পরীক্ষা করা
উদ্দেশ্য তোমার, তাই গাঁথিতেছ মালা।
মনোমত করি' ফুল করহ গ্রন্থন,
পরীখ তোমার সেই প্রেমিক কেমন।

VII.

৭। গ্রামে প্রভাত।

নাই কো রাতি, নিবিয়ে বাতি, ঊষা সতী এলো।
মলিনমুখে, মনের দুখে, আঁধার চোলে গেলো॥
সূর্য্যিমামা, রাঙা জামা, পোর্‌লো টেনে গায়।
রাঙা চোকে, থেকে থেকে, পাহাড়পানে চায়॥
এমন কালে, তমাল-ডালে, ডাক্‌লো কোকিলদল।
পালক নেড়ে, ফেল্‌চে ঝেড়ে, নিশির শিশির-জল

মুখটি ঢাকা, মটর-চোকা, কুট্‌রে পেঁচার পাল।
ঠোকর-ভয়ে, লুকোয় গিয়ে, খেয়ে কাগের গাল॥
কুলের বধূ, প্রাণের বঁধু, ছেড়ে সকাল বেলা।
আল্‌সে গা, টোল্‌চে পা, চোল্‌চে চাঁদের মেলা॥
বৌ-কথা-ক পাখী বলে,—"ও বৌ কথা ক।"
ঘোম্‌টা খুলে, মুখ্‌টি তুলে, বৌ হোচ্চে থ॥
কুলের বালা, এঁটো থালা, মাজ্‌তে চলে ঘাটে।
মুখটি হেঁট, চাপ্‌ড়ে পেট, কেউ বা চলে মাঠে॥
কেউ বা চলে, ছেলে তুলে, কল্‌সী নিয়ে কাঁকে।
কেউ বা জলে, আস্তে গলে, ভয়টা বড় পাঁকে॥
তাড়াতাড়ি, ছড়াহাঁড়ী, গিন্নী নিয়ে করে।
গোবর গুলে, ফেল্‌চে ঢেলে, বাড়ীর উঠোন ভোরে॥
আমের পাতা, সূতোয় গাঁথা, হাত খানেকের নল।
হুঁকোয় দিয়ে, চোক বুজিয়ে, টান্‌চে বুড়োর দল॥
আফিস্‌-কামাই, নতুন জামাই, সকাল হোলো দেখে।
যাবে কি না, ভাব্‌চে নানা, হাতটি গালে রেখে॥
সাহেব বেটা, বড় ঠেঁটা, কোর্‌বে জরিমানা।
কেমন্‌ কোরে, প্রিয়ার তরে, কিন্‌বে তবে সোণা?॥
যা হয় হ'বে, হয়ে যা'বে, সার্‌বে ধারে কাজ।
তা বোলে কি, প্রাণের প্রাণে, ছাড়্‌তে পারে আজ?॥
লাঙল কাঁধে, সরল চাষা, বলদ যোড়া তেড়ে।
চোল্‌চে মাঠে, চোষ্‌তে লাঙল্‌, গুড়ুক-ধোঁয়া ছেড়ে॥

রাখাল ছেলে, খেলে খেলে, তাড়িয়ে চলে গরু।
ধীর সমীরে, নোড়্‌চে ধীরে, শিশিরমাখা তরু ॥*

VIII.

৮। গ্রাম্য সরোবর।

হাটের পাশে একটি পুকুর, কাকচক্ষু জল।
পানকৌড়ী ডুব্‌চে জলে, ভাস্‌চে হাঁসের দল ॥

---

* Reproduced from Babu Rajkrishna Ray's very popular book *Ghorar Dim*. "The merit lies in the descriptive power displayed in it. Indeed, the realistic tone and appearance of *Ghorar Dim* is something like a novelty in Bengali poetry, which generally deals either with morbid sentimentalism or with material world very different from that which we see around us. Such appreciation of the every day world is seldom shown by Bengali authors, and a habit of observation which Bengalis as a nation do not possess but the cultivation of which is absolutely necessary for the purpose of new civilisation which they must now accept. *Ghorar Dim*, though a small thing, possesses great value. It is written in a spirit which we hope and trust will become general among Bengali authors."

The Calcutta Review. July 1881.

গলা-জলে বালি তুলে, এক্কি পরিষ্কার।
উঁচু পাড়ে তালের গাছ, নীচে ঘাসের ঝাড়॥
চাঁপা, চাটিম, কানাই-বাঁশী, রামরম্ভা তরু।
কারু কলা পাক ধোরেচে, কারু কলা সরু॥
শেয়াকুলের কাঁটা ঝাড়, পাকা শেয়াকুল।
কোন্‌খানে বা হোল্‌দে পারা শেয়ালকাঁটার ফুল॥
কোন্‌খানে বা বাব্‌লা গাছে বেরিয়ে আছে আঠা।
কোন্‌খানে বা চেঁচায় পাঁঠা, চিবিয়ে কুলের কাঁটা॥
সেই পুকুরে, ধীরে ধীরে, নফর গিয়ে ওলে।
হাত পা ধুয়ে, গামছাখানা ভিজিয়ে নিলে জলে॥
আঁজ্‌লা কোরে, পেট্‌টা ভোরে, খেয়ে নিলে জল।
দুবল গায়ে আবার যেন পেলে দ্বিগুণ বল॥
ঘাটে উঠে বকুলতলায় বোসে খানিক ক্ষণ।
কি ভাব্‌তে লাগ্‌লো নফর হয়ে অচল মন॥

এমন্ সময় একটি বুড়ী,
মাথায় কোরে শাকের ঝুড়ী,
হাতে কোরে ভাঙা নড়ী, এলো পুকুর-ঘাটে।
ময়লা-মোটা-কাপড়-পরা,
পাকা চুলে উকুনভরা,
হাড় জিল্‌জিল্, চাম্‌ড়া-সারা, ভাত নাইকো পেটে

আস্তে বুড়ী নেমে জলে,
হাত বাড়িয়ে কল্‌সী তোলে,
নফর তাকে ডেকে বলে, "কার পুকুর গো এটা ?"
"অটল বাবুর" বুড়ী বলে ;
নফর বলে, "সে কার ছেলে ?"
বুড়ী বলে, "ডাক্‌সাইটে পটল সিঙের বেটা ॥
কত যে তার হাতী, ঘোড়া,
কত যে তার টাকার তোড়া,
কত সে তার পাল্কী, গাড়ী, নাইকো হিসেব তার ।
কত যে তা'র সোণা দানা,
বাগ বাগিচে বালাখানা,
চিড়িয়েখানা, নবৎখানা, সেপাই, পাইক আর ॥
সকালবেলা, সন্ধ্যেবেলা,
ঘোড়দৌড়ের বাজীখেলা,
লাগায় বাবু ঐ ও দিগের মাঠে ।
এক একটা পাগ্‌লা ঘোড়া,
সোয়ার ফেলে লাগায় তাড়া,
লোক্‌গুলোকে বদ্দিবাটীর হাটে ॥
পরশু আমি ওই দিকেতে,
সন্ধ্যেবেলা ঘরে যেতে,
অটল বাবুর একটা ছানা ঘোড়া ।

আমার দিকে ছুটে এসে,
চাঁট মেরেচে পায়ে কোসে,
গাঁট ফুলেচে যেন পাকা ফোড়া ॥*

IX.

৯। আস্তাবল।

মস্ত ফটক, রঙের চটক, আস্তাবলের গায়।
গাড়ীখানা, ঘোড়াখানা, সারি সারি তায় ॥
খাটিয়া পেতে, নেসায় মেতে, সহিস্ কচুমান্।
ক্যাঁকোর২ বাজিয়ে সারঙ্ ছাড়্‌চে নাকী তান্ ॥
কেউ বা বলে, দিচ্চে ডোলে, তেজী ঘোড়ার গা।
কোঁকের কাছে হাতটা গেলে, ছুড়্‌চে ঘোড়া পা ॥
দুই দিকে দুই খোঁটা গাড়া, মাঝখানেতে ঘোড়া।
খোঁটায় বাঁধা মোটা দড়া ঘোড়ার মুখে জোড়া ॥
কেউ বা জলে চেরেট, বগী, ফিটন্ গাড়ী ধোয়।
কেউ বা খেটে, দড়ার খাটে আশ্ মিটিয়ে শোয় ॥†

---

* Reproduced from the *Ghorar Dim*.

† Ditto.

X.

১০। ধর্ম্মসঙ্গীত।

১।—শিবস্তব। 1.

রাগিণী—তিলক-কামদ। তাল—চৌতাল।

ভজ রে মন, ভূতনাথ ভব ভবভয়বারণং।
আদিদেব শূলপাণি ত্রিপুরাসুরমারণং॥
পরিহিত দৃঢ় বাঘছাল,
লটপট জটজূটজাল,
কালরূপ কাল-কাল,
ব্যাল-মাল-ধারণং॥
জ্বলিত জ্বলন চন্দ্রভাল,
লোকনাথ লোকপাল,
দীনশরণ শিব দয়াল,
সকল কলুষহারণং॥
কসিত রজত জিনিত রূপ,
গঙ্গাধর ভূপ-ভূপ,
গীতরসিক ভক্তিকূপ,
চিরমঙ্গলকারণং॥
ডিমি ডিমি বল ডমরু-বোল,
শৃঙ্গনাদ ঘোর রোল,

আধ-মিলিত নয়ন লোল,

পাতকিজনতারণং ॥

২।—বিষ্ণুস্তব। 2.

(কীর্ত্তন)

(জয়) নন্দদুলাল, ব্রজ-গোপাল,

ভূপ-ভূপাল হরি হে।

কৃষ্ণচন্দ্র, চন্দ্রবদন, ভবসাগরতরী হে ॥

রাধিকা-হৃদি-বিহারী শ্যাম,

বংশিধারী বঙ্কিম ঠাম,

ফুল্ল-বন্য-কুসুম-দাম,

পাতকি-পাপহারী হে॥

মনোমোহন, বাঁকা-নয়ন, গোপিনীগণরঞ্জন,

চারু-পীত-ধড়া, বাঁকা-শিখিচূড়া,

ভীতচিতভয়ভঞ্জন ;—

দৈত্যবিজয়ী হৃষীকেশ,

চন্দনমাখা মোহন-বেশ,

গোবর্দ্ধনধর পরেশ,

বৃন্দাবিপিনচারী হে॥

৩।—কালীস্তব। 3.

রাগিণী—ভৈরবী। তাল—ঠুংরি।

জয় চণ্ডবিনাশিনি, মুণ্ডনিপাতিনি,
নৃমুণ্ডমালিনি কালিকে!
জয় ভক্তিবিধায়িনি, মুক্তিপ্রদায়িনি,
দীপ্তহুতাশনভালিকে!
জয় খর্পরধারিণি, কর্পরমালিনি,
শঙ্করমানসমোহিকে!
জয় চিন্ময়রূপিণি, বিঘ্নবিনাশিনি,
ভক্তজনে শুভদায়িকে!

XI.

১১। প্রকৃতিসঙ্গীত।

১।—ঊষা। 1.

রাগিণী—ললিত। তাল কাওয়ালি।

অনাথিনী নিশীথিনী যায়।
পূরব দুয়ারে, আলোক-আঁধারে,
ধীরে ধীরে ঊষা চায়॥
অযুত পাখী,
মেলিয়ে আঁখি,

স্বরে সুধা মাখি'
মঙ্গল গায়॥
জ্বলন্ত হীরা
অনন্ত তারা
নিবন্ত পারা
গগন-গায়;—
কুসুম-দ্বন্দ্ব,
কুমুদী অন্ধ,
মধুর গন্ধ
কমল বিলায়॥

২।—প্রভাত। 2

রাগিণী—রামকেলী। তাল—মধ্যমান।

নব বিভা রবি ঢালি'ছে গগনে।
হইল শোভাময় তড়াগ
বিকচ পদ্মদলে,
তা হ'তে বহে সৌরভ চল-পবনে।
ফুল-মধু-পান-বিভোর দ্বিরেফ,
বিকসিত সুরযমুখী—
মেঘমালা শোভে রবি-কিরণে
উজ্জল লাল বরণে॥

৩।—সন্ধ্যা। ৪.

রাগিণী—গৌরী। তাল – আড়াঠেকা।

দিবাকর দিবা শাসি' পশিল জলধি-জলে।
সন্ধ্যা সমুদিল আসি বিশাল ধরণীতলে॥
সুনীল গগন শোভে হীরকের পুঞ্জে,
গুঞ্জরি' মহেশ-গুণ ফিরিল অলি সকলে॥
কুমুদী চাঁদেরে হেরি প্রেমরস ভুঞ্জে,
বিরহিণী সরোজিনী জ্বলিল বিরহানলে॥
বাসর-বিহার তরে বসিয়ে নিকুঞ্জে,
নায়িকা মঞ্জুল মালা গাঁথি'ছে কুসুমদলে॥
কেহ বা খঞ্জন-আঁখি অঞ্জনেতে রঞ্জে,
ভ্রমর বসি'ছে যেন বিশদ কচ কমলে॥
মুকুতা-গঞ্জিত চারু দশনেরে মঞ্জে,
হৃদয়-রঞ্জন-পতি-হৃদয় রঞ্জিবে ব'লে॥

সম্পূর্ণ।

TRANSLATION.

I.

IMAGINATION.

Thou art the poet's treasure ; thou art the poet's pleasure ; his mind, heart, fame and aim. Thou art the poet's body, thou art his abode, thou art his nectarine tongue. Thou art the poet's lute, thou art the poet's guide, thou art the valued jewel of his throat. Thou art his kingdom, thou art his handi-work ; thou art, again, his illness, grief and pains.

Who would have known Vedavyasa (1), and Kalidasa (2), and Valmiki (3), and Homer ? who would have known Chandidasa (4), and Krittivasa (5), and Longfellow, and Byron, and Chaucer ?

---

(1) The celebrated author of the PURANAS and the compiler of the VEDAS.

(2) The well-known author of SAKUNTALA, and one of the nine gems in the court of Vikramaditya. (B. C. 57.)

(3) The author of the RAMAYANA ; the first writer of Sanskrit verse.

(4) A Vaishnava Poet of Bengal. (Born in the 14th Century of the Christian era.)

(5) The first translator of the RAMAYANA into Bengali. (16th Century)

Who would have known the great poet Mukunda (1)—Bengal's shining Sun—Shakespeare, and Milton, and Magha (2), and Bhattanarayana (3), if thou hadst not introduced them to the world?

Would even now have shone in their everlasting lustre Vidyapati (4), Sadi (5) Shelly, Tasso, Pope, and Cowper, and others? Who would have thought of them? The human mind would have by this time been covered with the veil of oblivion. Would the world have now held in fond remembrance the names of Vararuchi (6), Bhavabhúti (7), Hafiz (8)—the light of Persia—Bharata (9), Isvara (10), Madhu (11), and other

---

(1) The author of the CHANDI, one of the earliest writers of Bengali poetry. (15th Century).

(2) A celebrated Sanskrit Poet.

(3) One of the five Brahmins who settled in Bengal at the request of king Adisura : author of "Veni-Samhára"—a Sanskrit drama based on some of the incidents of the Kurukshetra War.

(4) A Lyric Poet of Behar describing the loves of Radha and Krishna. (14th Century).

(5) A Persian Poet.

(6) A Sanskrit Poet.

(7) Author of "Uttara-Ráma-Charita", a Sanskrit drama describing the exile of Sita.

(8) A Persian Poet of great celebrity.

(9) A Bengali Poet—author of Annadámangal (18th Century).

(10) A Bengali Poet—one of the earliest Editors of Bengali newspapers. (Born 1809)

(11) Michael Madhusudan Dutt—A Bengali Poet of

poets of Bengal, Chând (1), and Jnanadása (2), Bharavi (3) and Tulsidasa. (4) ?

II.
THE PROBLEM OF LIFE.

Reason is taken prisoner, the mind is distracted with doubts—I try to understand but fail. The door of mystery is about to open, but does not—I know not how to do so !

A veil of glamour—a kind of shadow flits by—a mirage plays before the eye, and, O wonderful, it deceives illusion itself !

What have I understood all this time ? O nothing, nothing—it is all the work of Ignorance. I have concealed Life in the dark folds of Ignorance, and floated Life's bark on the sea of Time. Pull up the curtain—and lo ! the shore is still half-way off. Oh, I have let slip the opportunity of learning—the line of Life is disappearing by degrees. I know not what is going to happen. O when,—O when shall I open the portals of that mazy mystery—Alas ! they defy all attempts at opening.

---

great renown. The first writer of blank verse in Bengali. (Born 1828).

(1) A writer of heroic odes of Rajputana.

(2) A Vaishnava Poet.

(3) A Sanskrit Poet.

(4) Author of Hindi RAMAYANA and Hindi moral Stanzas.

III.

THE PROBLEM OF DEATH.

TO NALINI (A BELOVED LADY).

I looked and found before me on the dismal cremation grounds, my NALINI—my lifeless NALINI lying on one side. By the law of Nature's analysis, the component parts of the body are dropping away, one by one. Water flies to water, fire to fire, earth to earth, air to air, and ether to ether—the five elements flying up to their own. I looked on all sides and saw nothing lagging behind. Where is my NALINI? O where?—No trace can I find of her—all, all is chaos—I gaze only at *vacuum*. The same gust of wind, the same blaze of fire, the same glare of the Sun, the same ocean, the same blue sky, the same dark clouds, the same Moon and stars, the same trees and creepers, the same fruits, flowers, and leaves, the same wide world—all, all are there, but where, O where, is my NALINI pure?

IV.

KRISHNA'S FLUTE.

1 At fall of night, Yasoda's (1) son
Would take his stand on Yum'na's (2) shore,

---

(1) Foster-mother of Krishna.

(2) The River Jumna.

And honied sound would pour on bank
Of Yum'na blue while play'ng on me.

2 It was on strength of mine sweet pranks
He played with milk maids of Gokul (1
It was on strength of mine the waves
Of Yum'na would melodious dance.

3 My notes brought Brija's (2) maids from home
Bereft of sense of shame and fear,
To Yumna's shore their hair dishevelled,
Their pearly garlands all unstrung.

4. When Krishna's lips did light on mine,
What melting music did come forth!
All men and birds and beasts who heard
Were thought on earth most blessed souls.

5 The honied notes I did pour forth
With what, tell me, could you compare?
The beasts of wood, the birds of air,
Were charmed, entranced, enraptured all.

6 The notes would still the noisy wind,
The Yumna flow in backward move,
The Kumud (3) smile in lovely lakes
The stars would laugh in azure blue.

---

(1) The place where Krishna was bred
(2) Another name of Brindavan—the scene of Krishna's early life
(3) An esculent lily unfolding its petals at night.

7. The buds would ope on tower'ng trees,
The full-blown flowers drop on earth,
Would float on bluish sea-like sky
The lovely lily—shining Moon!

8. It was my dulcet notes would bring
The dauntless deer from out their haunts,
And make them stand at Krishna's side,
And drink celestial music rare.

9 When dancing to the sound of mine
Did Krishna charm the fair away,
They decked myself and him with care
With fragrant flow'rs from kamini (1) trees.

10. When Braja's maids would stand round Shyam(2)
Like necklace made of shining moons;
Then Shyam would throw my notes all round,
Thus adding to their future pangs.

11. Myself would sound, while they would sing,
And dancing circle him about
With graceful steps and measured, sweet,
Would such days, O, come back again!

---

(1) A tree bearing fragrant flowers in clusters.
(2) Another name of Krishna.

V.

MAHADEVA (1) ON MOUNT KAILASA. (2)

On Kailasa's top of a silvery hue, that pierces far into distant skies, and drenched in snowy waters pure—most sacred site—lies the seat of meditative Mahadeva. The body of the mountain spreads over all visible space—the clouds dance about its lap. Up rises the juvenile Sun—the picture of red—down swing the deep dark clouds. Laugh the mountain-trees in all their glory of flowers and fruits, and tender creepers follow suit; while fly the honey-tongued bees about in search of sweet.

Dashes the cascade against the mount, and rivers meandering flow; while float the foams in silvery smiles, and bubbles born to die. The dancing wind begs flowers of trees, which, taken, are given to fount again, whence borne are they on watery wings. The wind within the bamboo-rifts plays a kind of flute, while birds on trees doth dulcet music sing. The charming notes combine and raise a symphony new!

Seated on a tiger's skin, with eyes closed all night long, wrapped in meditation deep, behold Sankara (3) sage, even as a mount on mount!

---

* (1) The 'Destroyer' of the Hindu Triad.
(2) A peak of the Himalayas.
(3) Another name of Mahadeva.

His matted locks are all in disarray, dangling on the ground below, and encircled over with venomous snakes. Hangs over his breast a garland of bones and flows by his side his tiger-skin garb Lie before him his bowl and drum. His body, white as the mount, is besmeared with ashes, and shines with the sheen of a myriad suns; while murmuring music marks the escape of Ganga (1) pure o'er his tangled hairs

---

VI.

WHO ART THOU ?

1 Who art thou, O lady sweet, that murmurest music in yon lonely grove and fillest thy heart with exquisite joy,—that cullest flowers in thy silken robes, and, with attention deep, makest a garland without the aid of threads ?

2. Behold, O lady fair, the restless wind has taken his stand by thee, and moves the creepers to and fro, while world at large does easeless grow for want of balmy breeze !

3. Roved have I in gardens many, but nowhere for a moment's time, could my eager nose catch a breath of scented sweet—for all the scents on earth concentrated are in the wreath of flowers that thy silken robe contains.

---

(1) The sacred river—one of the wives of MAHADEVA, whom he preserves on his head.

4. I found nowhere a single flower opening itself on a single tree, nor could I hear a single bee buzzing his joys about. Thy grove alone bears all the fragrant flowers, and here alone all buzzing bees dance on.

5. My ears caught not the notes of Papiya(1) sweet, nor Kokila's (2) coo, nor Shama's (3) song But here, O lady fair, all Nature's bards combine to sing most ravishing tunes.

6. Who art thou, my lady sweet? For whom weav'st thou the fairest wreath? Whose neck dost thou intend to deck therewith? For whom thy moon like face adorns this grove? For whom hast thou cleft thy Hope in two—the one being wrapped in weaving, the other in thee?

7. Whose likeness doest thou paint on mind's canvass?—Culling, and dropping, and culling again—does not the garland please thy heart? Says he who holds thy heart, "It is not as it should be"?

8. If he be a lover true, I know not why he should be wistful at all to have the wreath. Leaving thee, if chooses he to take the wreath, know this, sure, he isn't thine!

9. For tell me plain, if he would claim to have the wreath ignoring thee, does love for thee sway his heart at all? Give up all hopes he must for the wreath, if lover true he claims to be.

---

(1), (2), (3) Indian birds of song.

10. I've found thee out—thou cunning fair!—to try his love is thine intent. Then weave on, gentle lady sweet, and try his love to thy heart's content.

VII.

A MORNING IN A VILLAGE.

The night is gone—the light is out—now comes the dawn. Sorrowful darkness takes his leave. Uncle Sun(1) his crimson garb puts on and frowns on hills with blood red eyes. On Tamal (2) trees the Kokila sings and shakes the night-dew off his wings. The owl, whose face is round, and eyes are, pea-like, small, resorts to lonely nooks to escape the teasing birds and abusing crows. The young wife leaves her bed and husband dear, and walks with lazy legs—a moving Moon! "The Bow-katha kao" (3) bird whispers on—"speak on, my wifey dear!" The young wife lifts her veil and face and looks as if struck dumb. The busy house wife goes to the *Ghaut* (4) to wash the plates unclean—while others hie to fields close by, with down-cast faces fair. Some others take the water pots to water fetch from pond, while

---

(1) The Sun is popularly so called in Bengal.

(2) Xanthoxymus pectorius.

(3) A little bird whose cry sounds like "Bow-katha-kao."

(4) The steps to a pond,

others down the pond move slow, avoiding muddy ground. The matron runs with liquid dung (1) to scatter o'er the yard. The elder men with full-closed eyes, smoke through pipes of mango-leaves. The new son in-law, at break of morn, thinks if he should stay away; for his office *Sahib* is a very cross man and is sure to cut his day. How then could he purchase gold for the use of his dear wife?—Let come what may, he would stay away, and buy the gold on tick! With what heart could he leave his wife—the wife, his heart of hearts? The simple rustic, plough on shoulder, drives the bullock pair, on to the field, which crops would yield—his smoke puffing away. The rustic boy, with playful steps, leads away his cows—the dew-clad trees, with gentle breeze, keep softly moving on.

VIII.

A VILLAGE POND.

The market place beyond, there lies a pond, of water clear like the eyes of crows;—where dive *Pankauri* birds and geese float on. The sand looks glistening beneath mid pond, so pure its water is. On its high banks the palm tree rises high, while plots of grass lie low. Plantain trees

---

(1) The Hindus sprinkle liquid cow dung in the morning as a purifying article.

are also there—varieties of *Champa*(1), *Chatim*(2) *Kanai-bansi*(3) and *Ram-rambha*(4). Some plantains are about to ripe, some plantains are of slender shape. Here shrubs of thorny *Sheyâkul* (5) take some space; there peep the *Seyâlkântâ's* flowers of yellow tinge. Here the gum-giving Babla (6) stands—there is a goat bleating, chewing some thorny leaves. (7)

Into this very pond, with gentle steps, Nafar did descend. His hand and feet he washed in it and dipped his napkin too. With the palms of his hands, together joined, he drank some water well, and felt refreshed, and doubly strong his tired limbs became. Then got he up and sat he down beneath a Bokul (8) tree, and, mind unmoved, he lost himself in one long wild reverie.

Now came a woman old, a vegetable basket on her head, a broken staff in hand. Her clothes were coarse and full of dirt, her hairs were full of lice. Her bones were shaky, her limbs all thin, her stomach wanting rice. Softly she bent her knee, and down she went the pond. With hands outstretched, some herbs she fetched when Nafar her addressed. "Whose pond", said he,

---

(1), (2), (3), (4) Varieties of the plantain (**Musa Paradisaica.**)

(5) A thorny shrub.

(6) Acacia arabica.

(7) Zizyphus jujuba.

(8) Mimusops elengi.

"is this" ? "Atal Babu's", thus answered she. To which again—"whose son is he" ?—"The son of well-known Patal Sing. Who could count his elephant horse, Palankeens,carriages, and his purse ? Who could count his wealth of gold, his aviary, gardens, mounted guard ? He holds his horse-races,morn and eve, in yon wide field , his restive horse would rider leave and drive all men to Baidyabati's (1) market-place. Before day last a colt came fast while I was walking home, and kicked at my leg and knocked me down, and made my poor bones ache."

IX.

THE STABLES.

The gates are high, the stables are painted bright.
Carriages, horses are grouped in order right,
Drivers and grooms, all drunk, would sit on bed,
And nasal sing to tune of *Sarang*(2) sweet.
Some fiery steeds they keep grooming with force,
Who kick out wild, if touched on sensitive parts.
Between two posts the horse is made to stand.
To posts are fixed the ropes which bind his mouth.

(1) A village situated on the western coast of the Hughly, 16 miles north of Calcutta, the capital city of India.

(2) A musical instrument of the stringed kind.

Some Buggy, Chariot, Phæton wash with water,
While others, tired, lie down on string-made bed.

X.

RELIGIOUS SONGS.

1.—A HYMN TO SIVA. (1)

O worship him, the Lord of spirits,—
Banisher of worldly fears,
Primeval God, who trident holds
And who has slain Tripura (2) bold;

Who wears round him the tiger-skin,
Whose matted locks all dangle wild;
Who's Time itself, destroy'r of Time,
Who wears the necklace of dry bones;

Whose forehead glares with lighted Moon,
Who, Lord of men, protects all souls,
The poor's refuge, the kind-hearted,
Remover of all kinds of woe;

Who shines with hue of silver bright,
Who bears the Ganga,—king of kings,
Who's soul of music, well of faith,
The cause of good—all lasting good!

---

(1) Another name of Mahadeva.

(2) A powerful demon killed by Mahadeva.

"Dimi Dimi Dimi Dimi" sounds forth his drum,
His horn emits a shrilling blast.
His rolling eyes half shut sits he,
The saviour of sinful souls !

2.—A HYMN TO VISHNU. (1)

Hail ! Braj's Gopal (2), Hail Nanda's (3) child !
Hail ! king of kings, Hail ! Lord Hari (4) !
Hail ! Krishna Chand (5) of moon-like face !
Hail ! bark of wide world's ocean wild !

Thou holdest fast pure Radhà's (6) heart,
Thou play'st on flute, thou bent in shape,
Thou deck'st thyself, in full-blown flow'rs,
Destroy'r of sins and ills, thou art !

Of charming make, thou look'st askance,
Thou, Gop'ni's (7) joy, wea'rst yellow garb,
Hast crest of peacock o'er thy head,
Remover thou of all hearts' dread !

---

(1) The "Preserver" of the Hindu Triad.

(2) Gopal of Braja—Gopal is an endearing name of Krishna.

(3) Foster-father of Krishna.

(4) Another name of Krishna.

(5) Krishna Chandra—full name of Krishna. Chandra means the Moon.

(6) The personification of the Female Energy. The most beloved of Krishna.

(7) Gopinis—Milk-maids.

Thou dreadful Daityas (1) didst conquer,
Thy limbs with sandal paste smell sweet,
Govardhan (2) great didst lift with ease,
Didst rove in sacred Brinda's groves. (3)

3.—A HYMN TO KALI. (4)

Brave Chand (5) and Mund (6) at thy hands fell,
The skulls of slain form necklace thine,
Thou fount of faith and salvation,
Thy fore-head glows with flaming fire!

Begirt with skulls and skull in hand,
How charmest thou sage Sankar's (7) heart!
Intelligence's self heal'st thou all ills,
And pour'st all bliss on faithful souls!

---

(1) Demons.

(2) Krishna lifted up the Goverdhan mountain with the little finger of his left hand, and thus warded off the thunder and rain with which Brindavan had once been threatened.

(3) The forest of Brindavan.

(4) The consort of Mahadeva.

(5), (6) Chanda and Munda, two of the generals of the Demon-kings whom Kali slew in war.

(7) Another name of Mahadeva.

XI.

SONGS ON NATURE

1.—THE DAWN.

The widowed Night (4) retires.
At Eastern gate, through light and shade,
Peeps gently in fair Dawn.
Unnumbered birds their eyes ope out,
And tuneful sing auspicious notes,
Unnumbered stars, like Diamond sparks,
Now hide themselves in Heaven's blue vault.

Now fight of flow'rs comes on !
Kumud (1) doth close, while Kamal (2) blows,
And throws her fragrance wide.

2.—THE MORNING..

The Sun doth pour new glow on Heaven's expanse
The waters smile with full-blown lilies fair,
Whence breezes perfume bear.

The bee is lost in drinking flow'ry sweet ;
The sun-flow'r blooms in joy at sight of Sun ;
Gleam clouds in bright red light.

---

*(1) In Indian Poetry, the Moon is the Lord of Night.

(2), (3) The Kumud closes its petals at sun-rise, when the lotus unfolds its own. Poetically, Kumud is the object of the Moon's love, while the Kamal (lotus) is attached to the Sun.

3.—THE EVENING.

The Sun gives up his rule and dives in sea,
Now Evening comes and takes his place on earth.
On blue vault high shine Diamond clusters bright,
The bees hie home while humming hymn to heaven.

The sight of Moon fills Kumud's heart with love,
While sinks with grief the lonely lotus poor.
The damsel young now sits in arbour fine
And wreathes a garland for her lover dear.

O'er Khanjan eyes(1) some *kajjal*(2) paint with care
Which looks like black bee perched on lotus
white;
Their pearl-like teeth some rub with perfumed
paste,
That they might charm their dear lords' hearts
away!

---

(1) Eyes like those of the KHANJAN, an Indian bird of the wag-tail species, noted for the beauty of its eyes.

(2) Collyrium, with which Indian ladies paint their eye-lids.

FINIS.